### মুম্বই ঘুরে দাঁড়াতে পারলে, আমরা পারব না কেন: মঈন আলি

# আজ ঘরের মাঠে শ্রেয়সদের হারিয়ে এক ঢিলে দুই পাখি মারতে চায় নাইটরা

**অনির্বাণ গঙ্গোপাধ্যায় ● শম্ভুনাথ ভৌমিক**

আজকের ইডেনে নাইটদের জোড়া লক্ষ্য। একদিকে, পঞ্জাব কিংসকে হারিয়ে টুর্নামেন্টে প্লে অফের স্বপ্ন ভাসিয়ে রাখার লড়াই, অন্যদিকে, ঘরের মাঠে গতবারের চ্যাম্পিয়ন অধিনায়ক শ্রেয়স আইয়ারকে নিজেদের শক্তিটুকু দেখ ানো। তাই ম্যাচটা যতটা কেকেআর বনাম পাঞ্জাব , তার থেকে অনেক বেশি কেকেআর বনাম শ্রেয়স আইয়ারের। ইডেনকে হাতের তালুর মতোই চেনেন শ্রেয়স। গতবার ১০ বছর পর কেকেআরকে আইপিএলে চ্যাম্পিয়নও করেছিলেন অধিনায়ক শ্রেয়স আইয়ার। পরিসংখ্যান বলছে শ্রেয়স কিন্তু এবার ভালো ছন্দে আছেন। এখনও পর্যন্ত চলতি আইপিএলে ৮ ম্যাচে ২৬৩ রান করেছেন, সর্বোচ্চ স্কোর অপরাজিত ৯৭। শুধু শ্রেয়স নয় একইসঙ্গে কেকেআরের বিরুদ্ধে ম্যাচে পাঞ্জাব দলের হয়ে ফোকাসে থাকবেন চাহালও। কারণ প্রথম পর্বের ম্যাচে চাহালের ঘূর্ণিতে বেসামাল হয়ে গিয়েছিল কেকেআর। ইডেনে উইকেটে থেকে একটু সাহায্য পেলেই চাহাল জ্বলে উঠতে পারেন। পঞ্জাব ম্যাচে নাইট দলে বদল হতে পারে। রোভম্যান পাওয়ালকে নেওয়া হতে পারে। ম্যাচের আগের দিন শুক্রবার যেমন সাংবাদিক সম্মেলনে নাইট রাইডার্সের অলরাউন্ডার মঈন আলি আশার বাণী শোনালেন, মুম্বই ইন্ডিয়ান্স যদি গত ৪ ম্যাচে হারের পরে জিততে পারে আমরা পারব না কেন! কয়েকটা ম্যাচ খারাপ গিয়েছে। ভালো ব্যাটিং হয়নি। চাপ আছে। কিন্তু সেটাকে উপভোগ করেই সাফল্য পেতে হবে। আমরা আশাবাদী নক আউট নিয়ে। আমাদের ভালো খেলতে হবে। সকলেই জানে কী করতে হবে। সেইভাবেই সকলে মানসিকভাবে সকলে প্রস্তুত। আমরাও পারি।

এবার কেকেআরের ওপেনিং জুটি শুরু থেকেই ফ্লপ। ফলে তিন নম্বরে নামা অজিঙ্ক রাহানেকে অতিরিক্ত দায়িত্ব নিতে হচ্ছে। শেষ ম্যাচে গুজরাতের বিরুদ্ধে একাই চেষ্টা করেছিলেনষ কিন্তু পারেননি। বোলিংয়ে কেকেআরের ভরসা দুই স্পিনার বরুণ ও নারিন। এই দুই জনের উপরই



ঘুরে দাঁড়ানোর লড়াই, মাঠে মঈন আলির সঙ্গে আলোচনা কেকেআরের কোচ চন্দ্রকান্ত পণ্ডিতের।

অনেকটা নির্ভর করছে কেকেআরের ভাগ্য। কেকেআরের সমস্যা লোয়ার অর্ডার নিয়েও। সে সম্পর্কে মঈন বলেন, 'লোয়ার অর্ডার ভালো করছে না ঠিক। এই নিয়ে ম্যানেজমেন্ট কথা বলেছে। তবে এতে ঘাবড়ানোর কিছু নেই। ভালো ব্যাটসম্যান আছে। ব্যাটিং গভীরতা আছে। ব্যাটিংয়ের শক্তি হল সকলে ভালো শট খেলতে পারে। নারিনের মতো আগ্রাসী ব্যাটসম্যান আছে। রাহানের মতো ক্লাসিক ব্যাটার আছে। রাসেলের মতো বিধ্বংসী ব্যাটার আছে। ভেঙ্কি, রিঙ্কুর মতো ব্যাটার আছে। ওরা খুব প্রতিভাবান। সব মশলাই আছে। তাই আশাবাদী।' পাঞ্জাবের কাছে গত ম্যাচে লজ্জার হার সেই বিষয়ে মঈন বলেন, 'গত ম্যাচ আমরা খারাপভাবে হেরেছি। তবে এটা হতেই পারে। এটা ভোলা কঠিন। কিন্তু এখান থেকে শিক্ষা নিয়েছি আমরা। চাহালের গত ম্যাচের পারফরমেন্স আমাদের মনে আছে। তবে ভয় পাচ্ছি না।' ইডেনে কেকেআরের অনুশীলনে দেখা গেল উমরান মালিককে। যিনি ইতিমধ্যেই আইপিএল থেকে ছিটকে গিয়েছেন। কিন্তু ফের উমরানকে দেখে নাইটদের অনুশীলনে চর্চা শুরু হয়ে যায়। তবে ধোঁয়াশা উড়িয়ে কেকেআরের তরফে জানিয়ে দেওয়া হয়, উমরান কেকেআর দলের সঙ্গে যোগ দিয়েছেন। তাঁর রিহ্যাব চলবে।

## মাইলস্টোনের ম্যাচে ব্যর্থ মাহি

**নিজস্ব প্রতিনিধি: মহেন্দ্র সিং ধোনির মাইলফলক ম্যাচ। ৪০০ তম ম্যাচে ফিরলেন ৬ রান করে। ব্যর্থ তিনি। ব্যর্থ গোটা দলই। দু'দলই টেবিলের তলানিতে। কে কাকে পেছনে ফেলে এগিয়ে যাবে সেই চেষ্টাই ছিল। এমন ম্যাচে টেবিলে সবার নিচে ১০ নম্বরে থাকা চেন্নাই সুপার কিংসকে ১৫৪ রানে গুটিয়ে দিয়েছে সানরাইজার্স হায়দরাবাদ। ঘরের মাঠ এম এ চিদাম্বরম ক্রিকেট স্টেডিয়ামে টস হেরে আগে ব্যাটিংয়ে নামে চেন্নাই। ব্রেভিস**



৪০০ তম টি২০ ম্যাচ খেলতে নেমে ৬ রানের বেশি করতে পারলেন না ধোনি।

**সর্বোচ্চ ৪২ রান করেন। ৩০ রান করেন আয়ুস মাত্রে। দীপক হুডা করেন ২২। রবীন্দ্র জাদেজা করেন ২১। সানরাইজার্স হায়দরাবাদের হয়ে ৪ উইকেট নেন হর্ষল প্যাটেল।**

# এরপর আরশাদের ভারতে প্রতিযোগিতায় যোগ দেওয়ার প্রশ্নই ওঠে না:নীরজ চোপড়া



বাঁদিকে পাকিস্তানের জ্যাভলিন থ্রোয়ার আরশাদ নাদিম ও ডানদিকে ভারতের জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া। - ফাইল ছবি

**নিজস্ব প্রতিনিধি:** পহেলগাঁও কাণ্ডের পর পাকিস্তানের কোনও ক্রীড়াবিদের ভারতের কোনও প্রতিযোগিতায় যোগদানের প্রশ্নই ওঠে না বলে জানিয়ে দিলেন ভারতের তারকা জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া। ২৪ মে থেকে বেঙ্গালুরুতে নীরজ চোপড়া ক্লাসিক নামের প্রতিযোগিতা বসছে বেঙ্গালুরুতে। আর সেই প্রতিযোগিতাতেই পাকিস্তানের জ্যাভলিন থ্রোয়ার প্যারিস অলিম্পিকে সোনাজয়ী আরশাদ নাদিমকে আমন্ত্রণ জানিয়েছিলেন নীরজ, তা নিয়ে বিতর্কের ঝড় ওঠে। শুধু তাই নয়, আরশাদকে আমন্ত্রণ করার পর নীরজের দেশপ্রেম নিয়েও তীর্যক মন্তব্য করেন জনতা। কেন নাদিমকে আমন্ত্রণ জানানো হয়েছিল এই নিয়ে প্রশ্ন তোলা হয়। তাঁর পরিবারকেও কটু কথা শোনাতে ছাড়েনি নেটদুনিয়া। এই পরিস্থিতিতে অবশেষে নীরজ চোপড়া মুখ খোলেন। নীরজ অবাক হয়ে যান তাঁর দেশপ্রেম নিয়ে প্রশ্ন ওঠায়। এরপরই স্পষ্ট জানিয়ে দিলেন, দেশের স্বার্থ সবার আগে। সমাজমাধ্যমে পোস্ট করে লিখেছেন, 'আরশাদ নাদিমকে এনসি ক্লাসিকে আমন্ত্রণ জানানো নিয়ে প্রচুর কথা হচ্ছে। চারিদিকে শুধু ঘৃণা আর কটূক্তি। আমার পরিবারকেও ছাড়া হচ্ছে না। একজন ক্রীড়াবিদ হিসাবে আরশাদকে আমন্ত্রণ জানিয়েছিলাম। তার চেয়ে বেশি কিছু নয়। আমার লক্ষ্য ছিল এনসি ক্লাসিকের মাধ্যমে বিশ্বের সেরাদের ভারতে আনা। সব ক্রীড়াবিদের কাছে আমন্ত্রণ সোমবার পাঠানো হয়েছিল। পহেলগাঁও কাণ্ডের আগেই আমন্ত্রণ চলে গিয়েছিল। পরের ৪৮ ঘণ্টায় যা ঘটেছে, তারপর আরশাদের এই প্রতিযোগিতায় যোগ দেওয়ার প্রশ্নই ওঠে না। কারণ দেশের স্বার্থই সকলের আগে। গোটা দেশের মতোই আমিও দুঃখিত। আমি এত বছর ধরে দেশকে গর্বিত করেছি। আজ আমার দেশপ্রেম নিয়ে প্রশ্ন উঠছে সেটা দেখে কষ্ট হচ্ছে। আমার মায়ের একটা সামান্য কথা গত বছর খুব প্রশংসিত হয়েছিল, কিন্তু আজ সেই কথাকে হাতিয়ার করেই মা'কে নিশানা করা হচ্ছে'। যদিও জানা গেছে, এই টুর্নামেন্ট খেলতে নাদিম আসছেন না।

### মেয়েদের উন্নতিতে আইএফএ-কে বার্তা ক্রীড়ামন্ত্রীর

# অরূপ বিশ্বাস, সুজিত বসুদের হাত ধরেই উদ্বোধন কন্যাশ্রী কাপের

**নিজস্ব প্রতিনিধি:** শুক্রবার কিশোরভারতী স্টেডিয়ামে কন্যাশ্রী কাপ প্রিমিয়ার-এ ডিভিশনের উদ্বোধন হয়ে গেল। সেই মঞ্চ থেকেই আইএফএ-র উদ্দেশ্যে বিশেষ বার্তা ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস।

এই মুহূর্তে মহিলাদের ফুটবলে বাংলা সবচেয়ে এগিয়ে। সেই কাজকেই অব্যাহত রাখতে আইএফএ-কে বিশেষ নির্দেশ দিলেন ক্রীড়ামন্ত্রী। ইস্টবেঙ্গল বনাম মৈত্রী সংসদের খেলা দিয়েই উদ্বোধন হল কন্যাশ্রী কাপের। অংশগ্রহণকারী মহিলা ফুটবলারদের শুভেচ্ছাও জানালেন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের আরেক মন্ত্রী সুজিত বসুও। এছাড়াও ছিলেন আইএফএ চেয়ারম্যান সুব্রত দত্ত, আইএফএ সচিব অনির্বাণ দত্ত, সহ সভাপতি সৌরভ পাল, স্বরূপ বিশ্বাস, দিলীপ নারায়ণ সাহা, সহ সচিব রাকেশ ঝাঁ, মহম্মদ জামাল, বিশ্বজিৎ ভাদুড়ী এক্সিকিউটিভ সেক্রেটারি সুফল রঞ্জন গিরি। এই উদ্বোধন মঞ্চেই বাংলার ফুটবল যাতে আরও উন্নত হয় সেদিকেই এবার আইএফএ-কে বাড়তি নজর দেওয়ার বার্তা দেন ক্রীড়ামন্ত্রী।

তিনি জানান, 'আমি আইফএকে বলব কন্যাশ্রী কাপ সাধারণ ফুটবল প্রতিযোগিতা হিসাবে করলে হবে না। তাতে বাংলার কোনও উন্নতি হবে না। আমাদের উন্নতি করতে হলে প্রথম ম্যাচ থেকেই আমাদের স্পটার রাখতে হবে। ১১ টা পজিশনের জন্য প্রতিটা ম্যাচ থেকে যদি এক একটা পজিশনের চারটে করে প্লেয়ার বেছে নেই এবং পরে যদি তাদের ট্রেনিং করি তাহলে আমার মনে হয় বাংলাও আবার নতুন করে পথ দেখাতে পারবে। আবার চ্যাম্পিয়ন হবে'।

## আমার দেশ/আমার দুনিয়া

# ধর্ম বনাম অধর্মের লড়াই, একজোটের ডাক ভাগবতের

**নয়াদিল্লি, ২৫ এপ্রিল:** পহেলগাঁও হামলা নিয়ে প্রথমবার মুখ খুলেই বিস্ফোরক মোহন ভাগবত। তিনি বলেন, এ লড়াই ধর্ম বনাম অধর্মের। একজোট হতে হবে। হিন্দুত্ব বিষয়টি সরাসরি উল্লেখ না করেও আরএসএস প্রধান বুঝিয়ে দিলেন, এই কঠিন সময়ে ঐক্যবদ্ধ থাকতে হবে সংখ্যাগুরুদের। তবে একই সঙ্গে মোদি সরকারকে তিনি মনে করিয়ে দিয়েছেন, এবার কড়া জবাব দিতেই হবে।

বৃহস্পতিবার আরএসএস প্রধান পহেলগাঁও ইস্যুতে মুখ খুলে বললেন, 'ধর্ম জিজ্ঞেস করে করে মানুষ মারা হয়েছে। হিন্দুরা হলে কোনওদিন এমন করত না। এই লড়াইটা এখন ধর্ম বনাম অধর্মের।' সংঘপ্রধান বলছেন, 'আমাদের হৃদয় ব্যাথিত। আমরা ক্ষুব্ধ। কিন্তু শয়তানকে শেষ করতে হলে নিজেদের সামর্থ্য দেখাতে হয়। রাবণও নিজেকে বদলাতে চায়নি।



তাই অন্য কোনও বিকল্প না দেখে রাম তাঁকে হত্যা করেন। তবে সেটার আগে একবার মত বদলের সুযোগ দেওয়া হয়েছিল রাবণকে।'

সরসংঘপ্রধান বলছেন, 'এবার আমাদের একত্রিত হতে হবে। আমরা একত্রিত থাকলে কেউ আমাদের দিকে চোখ তুলে তাকাতে পারবে না। আর যদি কেউ চোখ তুলে তাকায় তাহলে সেই চোখ গেলে দেওয়া হবে। ঘৃণা বা নৃশংসতা কোনওটাই আমাদের স্বভাব নয়। কিন্তু চুপচাপ নিজের ক্ষতি সহ্য করাও যাবে না। অহিংসদেরও শক্তিশালী হতে হয়। শক্তি না থাকলে কোনও বিকল্প থাকে না। আর শক্তি থাকলে সেটা দৃশ্যমান হওয়া উচিত।'

# স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে কুকথা বরদাস্ত নয়, রাহুলকে সুপ্রিম কোর্ট

**নয়াদিল্লি, ২৫ এপ্রিল:** বীর সাভারকরকে নিয়ে লাগাতার বিতর্কিত মন্তব্যের জেরে বিরোধী দলনেতা রাহুল গান্ধিকে রীতিমতো কড়া ভাষায় সতর্ক করল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের সাফ কথা, 'সাভারকরের মতো স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে কুকথা বরদাস্ত করা হবে না। আগামী দিনে এই ধরনের কোনও মন্তব্য করলে ফল ভুগতে হবে।' রাহুল গান্ধির বিরুদ্ধে অভিযোগ, গত কয়েক বছরে লাগাতার সাভারকর নিয়ে আপত্তিকর মন্তব্য করে চলেছেন তিনি। সত্য জানা সত্ত্বেও পরিকল্পিতভাবে রাজনৈতিক স্বার্থে মিথ্যা বক্তব্য পেশ করেছেন তিনি। এই ধরনের ঘটনা সাভারকরের মতো একজন ব্যক্তিত্বের সম্মানহানি করা। পাশাপাশি তাঁর পরিবারকে আঘাত করা। বস্তুত এই ইস্যুতে দেশের বিভিন্ন প্রান্তে একাধিক আদালতে



রাহুলের বিরুদ্ধে মামলা হয়েছে। মাঝে মাঝেই বিভিন্ন আদালত থেকে সমন পাঠানো হয় তাঁকে। রাহুল এই সব সমনে স্থগিতাদেশ চেয়ে শীর্ষ আদালতে আবেদন করেছিলেন। সুপ্রিম কোর্ট সেই স্থগিতাদেশ দিয়ে তাঁকে স্বস্তি দিল বটে, কিন্তু একই সঙ্গে রীতিমতো কড়া ভাষায় সতর্ক করে দেওয়া হল কংগ্রেস নেতাকে।

রাহুল গান্ধীকে নিশানা করে সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্ত ও বিচারপতি মনমোহনের ডিভিশন বেঞ্চ বলল, 'স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে কোনওরকম কুকথা আমরা বরদাস্ত করতে পারব না। এরপর তো কেউ বলে দেবে মহাত্মা গান্ধি ব্রিটিশদের চাকর।' বিরোধী দলনেতার আইনজীবী অভিষেক মনু সিংভিকে উদ্দেশ করে সুপ্রিম কোর্ট বলল, 'আপনার মক্কেল কি জানেন, গান্ধিজিও ভাইসরয়কে চিঠি লেখার সময় আপনার অনুগত বলে সম্বোধন করতেন? আপনার মক্কেল কি জানেন, প্রধানমন্ত্রী থাকাকালীন তাঁর ঠাকুমা সাভারকরের প্রশংসা করতেন?'

শীর্ষ আদালত বলছে, যারা আমাদের স্বাধীনতা এনে দিল, তাঁদের নিয়ে এই ধরনের মন্তব্য কেন? সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, রাহুল সাভারকর নিয়ে যা যা মন্তব্য করেছেন, সবটাই দায়িত্বজ্ঞানহীন। এই ধরনের দায়িত্বজ্ঞানহীন মন্তব্য আগামী দিনে মেনে নেওয়া হবে না। ভবিষ্যতে এই ধরনের মন্তব্য করলে আদালত স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করবে।

# মালেগাঁও বিস্ফোরণ মামলায় সাধ্বী ও ৭ অভিযুক্তর ফাঁসির দাবি এনআইএর

**মালেগাঁও, ২৫ এপ্রিল:** মালেগাঁও বিস্ফোরণ মামলায় ফের বিপাকে প্রাক্তন বিজেপি সাংসদ সাধ্বী প্রজ্ঞা। ১৭ বছরের পুরনো ওই মামলায় প্রাক্তন বিজেপি সাংসদের ফাঁসি চাইল জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ। সাধ্বী ছাড়াও অন্যতম অভিযুক্ত কর্নেল পুরোহিত-সহ মোট ৭ অভিযুক্তের ফাঁসি চেয়েছে জাতীয় তদন্তকারী সংস্থা।

প্রজ্ঞা-সহ ৭ অভিযুক্তের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের ধারায় অভিযোগ এনেছে এনআইএ। প্রায় দেড় হাজার পাতার রিপোর্টে সাধ্বী প্রজ্ঞা, কর্ণেল প্রসাদ পুরোহিত, অজয় রোহিরকর, মেজর রমেশ উপাধ্যায়, স্বামী দয়ানন্দ পাণ্ডে, সমীর কুলকার্নি ও সুধাকর চতুর্বেদীর বিরুদ্ধে ইউপিএর ১৬ এবং ১৮ ধারা ও ভারতীয় দণ্ডবিধির ১২০ বি, ৩০২, ৩০৭, ৩২৪,৩২৬, ৩২৭ ধারায় অভিযোগ আনা হয়েছে। এর মধ্যে একাধিক রাষ্ট্রদ্রোহিতার ধারা রয়েছে। মুম্বইয়ের বিশেষ আদালত আগামী ৮ মে এই মামলার রায় ঘোষণা করবে। ইতিমধ্যেই শুনানি শেষ হয়েছে। এই মামলায় সাক্ষী দিয়েছেন ২৯১ জন।



উল্লেখ্য, ২০০৮ সালের ২৯ সেপ্টেম্বর মুম্বই থেকে প্রায় ২৭০ কিমি দূরে মালেগাঁও কেঁপে ওঠে প্রচণ্ড বিস্ফোরণে। বিস্ফোরণে প্রাণ হারিয়েছিলেন ছ'জন নিরীহ মানুষ, আহত হয়েছিলেন প্রায় শতাধিক। তারপরই তদন্তকারীদের হাতে গ্রেপ্তার হয়েছিলেন বিশ্ব হিন্দু পরিষদের নেতা সাধ্বী প্রজ্ঞা ও ভারতীয় সেনার কর্নেল পুরোহিত। ভারতে 'হিন্দু সন্ত্রাসবাদ' শাখা বিস্তার করছে এমনটাই অভিযোগ তুলেছিল তৎকালীন ইউপিএ সরকার।

হামলার পর হেমন্ত করকরের নেতৃত্বে এই মামলার তদন্ত শুরু করে মহারাষ্ট্র পুলিশের সন্ত্রাসদমন শাখা। ওই বছরই মুম্বই হামলায় শহিদ হন তিনি। তারপর ২০১১ সালে মালেগাঁও বিস্ফোরণের তদন্ত ভার এনআইএর হাতে তুলে দেওয়া হয়। তদন্তকারীদের দাবি, ওই বিস্ফোরণের নেপথ্যে রয়েছেন সাধ্বী প্রজ্ঞা, কর্নেল পুরোহিত-সহ ওই সাত অভিযুক্ত। শুধু তাই নয়, 'অভিনব ভারত' নামের একটি জঙ্গি সংগঠন তৈরি করে নাশকতা চালানোর অভিযোগও আনা হয় এঁদের বিরুদ্ধে। যদিও সমস্তটাই 'ষড়যন্ত্র' বলে দাবি করেন অভিযুক্ত। এবার সাত অভিযুক্তেরই ফাঁসি চাইল জাতীয় তদন্তকারী সংস্থা।

**ASANSOL MUNICIPAL CORPORATION**
**2nd Call 2nd Corrigendum Notice**
**N.I.E. Q. No. 37/WS/AMRUT/AMC/24-25**
Bid Submission period: 05.05.25 instead of 23.04.25
Visit to website **www.wbtenders.gov.in**
For details please contact to Tender Cell, AMC.
**Sd/- SE,**
**Asansol Municipal Corporation**

**দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার**
ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ ইএল-কন-কেজিপি-আরজিটি-আরওপি-২৫-০২, তারিখ ২৪.০৪.২০২৫। ভারতের রাষ্ট্রপতির তরফে ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (কন), দঃপূঃ রেলওয়ে, গার্ডেনরীচ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন। নিম্নলিখিত টেন্ডারটি ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ আপলোড করা হয়েছে। নির্ধারিত তারিখে দুপুর ১২টায় ই-টেন্ডার বন্ধ হবে। **কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ** খড়গপুর ডিভিশনে নারায়ণগড় ও ভদ্রকের মধ্যে ৩য় লাইনের কাজ সম্পর্কিত রাজঘাট (ব্যতিরেকে) থেকে রূপসা জংশন (ব্যতিরেকে) পর্যন্ত ২৫কেভি ওএইচই-এর ৩য় লাইনের অবশিষ্ট কাজের জন্য সরবরাহ, নির্মাণ, পরীক্ষণ ও চালুকরণ। **মূল্য ঃ** ৬,৪২,৭০,৮০৯.৯০ টাকা। **বিড সিকিউরিটি ঃ** ৪,৭১,৪০০ টাকা। **সম্পাদনের মেয়াদ ঃ** ১২ মাস। **নির্ধারিত তারিখ ঃ** ১৬.০৫.২০২৫। আগ্রহী টেন্ডারদাতারা টেন্ডারের সম্পূর্ণ বিবরণ/বর্ণনা/মাপকাঠির জন্য ওয়েবসাইটঃ **www.ireps.gov.in** দেখতে পারেন এবং অনলাইনে বিড জমা করতে পারেন। কোনভাবেই এই কাজের জন্য ম্যানুয়াল টেন্ডার গ্রাহ্য হবে না। **বি.দ্র. ঃ** অন্যান্য সব টেন্ডারে অংশ নিতে সম্ভাব্য বিডাররা নিয়মিত **www.ireps.gov.in** দেখতে পারেন। **(PR-80)**

**পূর্ব রেলওয়ে**
ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের সন্নিকটে, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য সেচ/সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা অন্য কোনও সরকার অধিগৃহীত সংস্থায় রেজিস্ট্রিকৃত সমেত অনুরূপ ধরনের কাজে অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিপন্ন এরূপ টেন্ডারদাতার থেকে অনলাইনে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করছেনঃ **[সিনিয়ার ডিইএন/৩/হাওড়া]। ক্র.নং.-১। ই-টেন্ডার নং ঃ ১০_২০২৫-২৬, তারিখ ঃ ২৪.০৪.২০২৫। কাজের বিবরণ ঃ** হাওড়া ডিভিসনের সাহিবগঞ্জ লুপ, রামপুরহাট-দুমকা, বিবি লুপ, মেইন লাইন, হাওড়া-বর্দ্ধমান কর্ড লাইন, আন্দুল ক্যালকাটা কর্ড লিঙ্ক লাইন, বর্দ্ধমান-কাটোয়া, শেওড়াফুলি-গোঘাট শাখায় বিভিন্ন কম্পোজিট গার্ডার, ডেক টাইপ গার্ডার, সেমি থ্রু গার্ডার এবং ওপেন ওয়েব গার্ডারে পার্শ্ববর্তী পথের সংস্থান। **আনুমানিক ব্যয় ঃ** ৯,৯৮,১৪,৪৪৩.৪০ টাকা। **বায়নামূল্যঃ** ৬,৪৯,১০০ টাকা। **সম্পাদনের সময়সীমা ঃ** স্বীকৃতি পত্র ইস্যু করার তারিখ থেকে ১২ (বারো) মাস। **ক্র.নং.-২। ই-টেন্ডার নং ঃ ১১_২০২৫-২৬, তারিখ ঃ ২৪.০৪.২০২৫। কাজের বিবরণ ঃ** হাওড়া ডিভিসনে আসন্ন বর্ষার জন্য বিভিন্ন জায়গায় স্টোন বোল্ডার, বোল্ডার ক্রেটিং, বল্লা বিছানো, মাটি ভরাট ইত্যাদি জরুরি কাজ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ। **আনুমানিক ব্যয় ঃ** ৩,৩৩,১৪,৩১৩.২০ টাকা। **বায়নামূল্যঃ** ৩,১৬,৬০০ টাকা। **সম্পাদনের সময়সীমা ঃ** স্বীকৃতি পত্র ইস্যু করার তারিখ থেকে ০৮ (আট) মাস। যদি টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের তারিখ কোনো কারণবশতঃ ঘোষিত ছুটির/বন্ধের/ধর্মঘটের দিন হয়, সেক্ষেত্রে অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের পরিবর্তন হবে না কারণ আইআরইপিএস-এর ওয়েবসাইটে আবেদনের ক্ষেত্রে টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনো প্রস্তাব দাখিলের অনুমতি নেই। যদিও অনলাইনে টেন্ডার খোলা হবে পরবর্তী কাজের দিন। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১৬.০৫.২০২৫ তারিখে দুপুর ২.০০টা (ক্র. নং. ১ ও ২-এর জন্য)। টেন্ডারের বিশদ বিবরণ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। টেন্ডারদাতাদের উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের প্রস্তাব জমা দিতে অনুরোধ করা হচ্ছে। ইএমডি ও টিডিসি বাবদ অর্থপ্রদান– ই-টেন্ডারিং-এর জন্য বায়নামূল্য জমা (ইএমডি) ও টেন্ডার নথির মূল্য বাবদ অর্থপ্রদান শুধুমাত্র নেট ব্যাঙ্কিং বা পেমেন্ট গেটওয়ে-র মাধ্যমে গৃহীত হবে। **দ্রষ্টব্যঃ** আইআরইপিএস (ই-টেন্ডার পোর্টাল)-এ আহ্বান করা টেন্ডারের ক্ষেত্রে ফিক্সড ডিপোজিট রিসিট (এফডিআর)-কে ইএমডি হিসাবে গ্রাহ্য করা হবে না। কোনো ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না। (HWH-46/2025-26)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

**eTender notice of Laxminarayanpur GP**
**Dubrajpur Dev. Block, Birbhum**
Prodhan , Laxminarayanpur GP invited eTender of 4(Four) Scheme of 15th FC(Untied) vide NIT No-102/LGP/25 Dt.25.04.2025 & 5(Five) Scheme of 15th FC(Tied) vide NIT No-101/LGP/25 Dt.25.04.2025
Bid Starts : 29/04/2025 11 AM
Bid Closes: 07/05/2025 6 PM
For details pls visit http://wbtenders.gov.in **or GP Office notice board.**
**Sd/- Prodhan**
**Laxminarayanpur Gram Panchayet**

**SARATCHANDRA GRAM PANCHAYAT**
Bagnan-II Development Block
Mellock, Bagnan, Howrah
**Notice Inviting e-Tender 1st Call**
**NIT No. WB/HZP/SARATCHANDRA GP/NIET-01/2025-26, Sl. 1 to 5, Date-21.04.2025 & WB/HZP/SARATCHANDRA GP/NIET-02/2025-26, Sl. 1 to 4, Date-25.04.2025.** Bid Submission Start Date : **21.04.2025 (NIT-01), 26.04.2025 (NIT-02) from 12:00 Noon.** Bid Submission End Date : **03.05.2025 up to 11:00 AM.** Technical Bid Opening Date : **05.05.2025 at 11:00 AM.** For details information visit website: **www.wbtenders.gov.in**
**Sd/-**
**Pradhan**
**Saratchandra Gram Panchayat**

**OFFICE OF THE BOARD OF COUNCILLORS OF RANAGHAT MUNICIPALITY RANAGHAT, NADIA**
**NOTICE INVITING TENDER**
**Memo. No. 188/RM, Date – 25.04.2025**
**Tender Ref No : WBMAD/ULB/RM/NIT-19e/2024-25/2nd Call/SL1**
**Tender ID : 2025_MAD_838860_1**
**Name of the work: Protection of residential houses and concrete road aside Jamai Colony Pukur with Eucalyptus-bullah pile and other allied works at Uttar Nasra near Katju School in ward No -13 within Ranaghat Municipality. Last Date of Submission of Bid -10/05/2025.**
**Sd/-**
**Chairman**
**Ranaghat Municipality**

**Durgapur Municipal Corporation**
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
**Notice Inviting e-Tender**
**1) Name of the Work:** Laying of 110mm (OD) Dia.,160mm(OD) Dia. HDPE Pipe Line (PE-100 & PN-6) at Link Park-1 (Ward- 13) Kandeswar Santi Nagar (Ward- 12), Kururia Danga (Ward- 11), under DMC.
e-Tender No. : WBDMC/COMM/WS/NIT-228/24-25 (2nd Call)
Tender ID : 2025_MAD_839108_1 • Estimated Amount : 7,04,610/-
**Last Date : 07th May 2025, up to 5:00 pm** **Sd/- Executive Engineer**
For details : **wbtenders.gov.in** **Durgapur Municipal Corporation**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
**Asansol Office: Vivekananda Sarani, (Sen-Raliegh Road), Near Kalyanpur Housing Road, Asansol - 713305**
**E-NIT No.- ADDA/ASN/ED/N-04 of 2025-2026 Dated. 25.04.2025**
Executive Engineer (Electrical), ADDA, Asansol invite Online percentage rate Tender (Two Bid System in two Parts) in Authority's Contract Form from reliable, resourceful and experienced electrical license holder Contractors; for other details visit our website: **wbtenders.gov.in**, **www.addaonline.in** or ADDA office, Asansol. **Sd/- E.E.(Elect.), ADDA, Asansol**

**Mogra II Gram Panchayat**
**Bagati Adhikary Para, Mogra, Hooghly**
**Tender Notice**
Online Tender is invited vide **Reference No. 197/M-II/2025, Date 22.04.2025** for 01 (One) No. of work. Last Date of Bid Submission is **02.05.2025 up to 12.00 Noon.**

| Tender ID List |
|---|
| 2025_ZPHD_837853_1 |

Intending bidders are requested to visit the website :- **https://wbtenders.gov.in** and this notice board.
**Sd/-**
**Prodhan,**
**Mogra II Gram Panchayat**

**মেট্রো রেলওয়ে, কলকাতা**
**ভারতের রাষ্ট্রপতির তরফে ডেপুটি চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/এম/কো-অর্ডিনেশন, মেট্রো রেলওয়ে, কলকাতা,** নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন : **কাজের নাম:** মেট্রো রেলওয়ে, কলকাতার এন-এস করিডোরের বিভিন্ন সাব-স্টেশনে ৩৩কেভি জিআইএস-এর সরবরাহ, নির্মাণ, পরীক্ষা ও সম্পাদন। **বিজ্ঞাপিত মূল্য:** ৪,৯৯,৭৩,০০০ টাকা। **বন্ধের তারিখ ও সময়:** ১৯.০৫.২০২৫ তারিখ বেলা ৩.০০ টা (প্র.ভা.স.)। **নোটিস বোর্ডের ঠিকানা:** প্রিন্সিপ্যাল চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার, মেট্রো রেলওয়ে, ৩৩/১, জে.এল, নেহেরু রোড, কলকাতা-৭০০০৭১-এর অফিস। **ওয়েবসাইটের বিবরণ:** https://www.ireps.gov.in।
টেন্ডার নংঃ ইএলএম_১৩৪আর_জিআইএস_ডিটি_১৬-০৪-২৫
আমাদের অনুসরণ করুনঃ /metrorailwaykol /metrorailkolkata

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
**(A Statutory body of the Govt. of West Bengal)**
**City Centre, Durgapur - 713216**
**(Ph.: 0343-2546716/6815)**
**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-51/2024-25 (Sl. No. 1 & 3)**
**Time Extension Notice**
The Last date of online submission has been extend up to 02.05.2025 in place of 23.04.2025 for **(1)** Tender ID No. 2025_ADDA_830076_1. **(2)** Tender ID No. 2025_ADDA_830102_1. For other details visit our website **www.addaonline.in** or **http://wbtenders.gov.in** or contact Exe. Engr.(Civil.) ADDA.
**Sd/-**
**Exe. Engr. (Civil), ADDA**

**Office of the**
**Sagardighi Panchayat Samity**
**P.O.- Sagardighi Dist. -Murshidabad,**
**NIT No-01(3rd Call)/SB/EN/2025-2026, Memo No-1095/1(91)/EN/SB, Date-24/04/2025. NIT No-03/SB/EN/2025-2026, Memo No-1088/1(91)/EN/SB, Date-24/04/2025.**
**Name of Work:** As mentioned in the NIT Column No. 2 (Name of the work) Date of Publishing- **24/04/2025 From 18:00 hour** on **https://wbtenders.gov.in** Period and time for download of bidding documents: **From- 24/04/2025 18:00 hours** To- **01/05/2025 14:00 hours.** Period and time of submission Bids: From- **24/04/2025 18:00 hours To -01/05/2025 14:00 hours.** Date for opening Technical Bid/Bids: **03/05/2025.** For more details visit **https://wbtenders.gov.in** or contact with office of the undersign.
**Sd/- Block Development Officer**
**Sagardighi Development Block Sagardighi, Murshidabad**

**BIRNAGAR MUNICIPALITY**
**e-Quotation Notice**
**Name of Work:-** Supply, Installation and Commissioning of Kirloskar Silent DG Set 58.5 KVA3PH for Purbasha Lodge of ward No.- 07 under Birnagar Municipality.

| Sl. No. | NIQ No. | Date of Publishing | Bid submission closing date online |
|---|---|---|---|
| 01. | WBMAD/BM/1q/2025-26 Memo No. 215/PWD, Date-25-04-2025 | 25.04.2025 at 03.00 am | 02.05.2025 at 6.00 pm |

For details please visit **www.wbtenders.gov.in & www.birnagarmunicipality.org**
**Partha Kumar Chatterjee**
**Chairman**
**Birnagar Municipality**

**পূর্ব রেলওয়ে**
ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), শিয়ালদহ ডিভিসন, পূর্ব রেলওয়ে, ৩য় তল, কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রীট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ কর্তৃক শিয়ালদহ ডিভিসনের বিভিন্ন রেলওয়ে স্টেশন/অবস্থান-এ শুধুমাত্র পাঁচ (০৫) বছরের জন্য মডিউলার ক্যাটারিং স্টলের মাধ্যমে ক্যাটারিং পরিষেবার ব্যবস্থার জন্য ক্যাটারিং ব্যবসায় তিন বছরের অভিজ্ঞতা ও অন্য ব্যবসার অভিজ্ঞতাসম্পন্ন আর্থিক যোগ্যতার শর্তাবলী পূরণকারী ফুড অ্যান্ড ক্যাটারিং পরিষেবা প্রদানকারী, কোন ব্যক্তিবিশেষ বা কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে নিগমবদ্ধ একক মালিকানাধীন সংস্থা বা কোম্পানি বা পার্টনারশিপ অ্যাক্ট, ১৯৩২-এর অধীনে নিবন্ধভুক্ত অশীদারী সংস্থার কাজ থেকে প্রতিযোগিতামূলক, একক পর্যায়, দুই প্যাকেট পদ্ধতিতে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। প্রস্তাবিত ইউনিটের বিবরণ নিম্নরূপ ঃ- **ক্র.নং.; স্টেশন; স্টেশন শ্রেণী; ইউনিট নং; ক্যাটিগরি; অবস্থান; বার্ষিক নূন্যতম সংরক্ষিত মূল্য; বায়নামূল্য (ইএমডি) ও বিড নথির মূল্য** নিম্নরূপ ঃ **১**; শিয়ালদহ; এ১; এসডিএএইচ/এস-৩এ; সাধারণ; নর্থ কনকোর্স (ড্রইং অনুযায়ী); ১৯,২৯,৬৯৭ টাকা; ২,০০,৭০০ টাকা ও ৫,৬০০ টাকা। **২**; শিয়ালদহ; এ১; এসডিএএইচ/এস-৫এ; সাধারণ; পি.এফ. ৭/৮ (ড্রইং অনুযায়ী); ৭,১২,৬২৬ টাকা; ৭৪,২০০ টাকা ও ৩,৩৬০ টাকা। **৩**; শিয়ালদহ; এ১; এসডিএএইচ/এস-১০এ; সাধারণ; মেইন কনকোর্স (ড্রইং অনুযায়ী); ২৩,৮০,২২৩ টাকা; ২,৪৭,৬০০ টাকা ও ৫,৬০০ টাকা। **৪**; শিয়ালদহ; এ১; এসডিএএইচ/এস-১৮এ; সাধারণ; সাউথ কনকোর্স (ড্রইং অনুযায়ী); ২১,৪২,৪৭৭ টাকা; ২,২২,৯০০ টাকা ও ৫,৬০০ টাকা। সংরক্ষিত মূল্য, টেন্ডার নথির মূল্য, বায়নামূল্য জমা, বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সমন্বিত টেন্ডার নথি **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। উল্লিখিত ওয়েবসাইটে ই-টেন্ডারিং-এর মাধ্যমে আলোচ্য টেন্ডারের জন্য বিড জমা করতে হবে। **বিড বন্ধের তারিখ ও সময়ঃ** ১৩.০৫.২০২৫ বেলা ২টা। (SDAH-29/2025-26)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**